

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

বাংলা বিভাগ

কোর্স : পি.জি. ২.১

বিষয় : বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (আধুনিক যুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি প্রশ্ন নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ক

১। উনিশ শতকে বাংলাভাষায় লিখিত প্রবন্ধের বিষয়-বৈচিত্র্য লক্ষ্য করার মতো। অন্তত চারটি ভিন্ন বিষয়ভিত্তিক প্রবন্ধ প্রসঙ্গে আলোচনা করো, যা তোমার মতে এখনও প্রাসঙ্গিক।

অথবা

২। উনিশ শতকে বাংলার সমাজসংস্কার আন্দোলনে রামমোহন রায় এবং বিদ্যাসাগরের প্রচেষ্টা তাঁদের সাহিত্য-রচনায় কীভাবে প্রতিফলিত হল সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে চেতনা বা ধারণাগুলি উনিশ শতকের বাঙালির আত্মপরিচয় সন্ধানের সূত্র হিসেবে বিবেচিত হতে পারে, বিভিন্ন সংরূপের রচনায় তা কীভাবে প্রকাশ পেয়েছে সংক্ষেপে আলোচনা করো।

অথবা

৪। টীকা লেখো (যে কোনো দুটি)

৫+৫=১০

(ক) 'নীলদর্পণ'

(খ) ইয়ং বেঙ্গল

(গ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসে ইতিহাস প্রসঙ্গ

(ঘ) কালীঘাটের পট

পর্ব - খ

৫। তুমি কি মনে করো, স্বাধীনতা পরবর্তী বাংলা আখ্যান সাহিত্যের কোনো দিক বদল হয়েছে? তোমার যুক্তিগুলো উদাহরণ সহযোগে লেখো।

অথবা

৬। স্বাধীনতা পরবর্তী বাংলা সাহিত্যের আদর্শগত কোনো সংঘাত হয়েছে বলে তুমি মনে কর? উদাহরণ সহযোগে তোমার যুক্তিগুলো লেখো।

৭। বিংশ শতাব্দীর বাংলা কবিতায় প্রগতি সাহিত্য আন্দোলন কি কোনো নতুন স্বর সংযোজনে সমর্থ হল? এই বিষয়ে তোমার মতামত দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

৮। তেতাল্লিশের ময়সুরকে কেন্দ্র বাঙালির নবজর্জিত অভিজ্ঞতা কীভাবে বাংলা কথাসাহিত্যে রূপায়িত হল, দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

৯। আমাদের জাতীয় জীবনে 'স্বাধীনতা'-র যে বিপুল অভিঘাত, তার রূপায়ণ সমকালীন বাংলা সাহিত্যে কীভাবে ঘটল সে বিষয়ে তোমার পর্যবেক্ষণ লিপিবদ্ধ করো।

১০

★ ★ ★